

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
উন্নয়ন শাখা  
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.১০৭.১৪.০০৪.১৬.৪

তারিখ: ৬ ফাল্গুন ১৪২৪  
১৮ ফেব্রুয়ারি ২০১৮

প্রাপক: সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)

বিষয়: বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় অনুষ্ঠিতব্য ২ (দুই) সপ্তাহ  
মেয়াদী “Financial Management” (FM) কোর্সে  
প্রশিক্ষণার্থী মনোনয়ন আহ্বান।


আগামী ০৭ মার্চ, ২০১৮ হতে ২০ মার্চ, ২০১৮ তারিখ পর্যন্ত ০২ (দুই) সপ্তাহ মেয়াদী “Financial Management” বিষয়ক একটি কোর্স বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় অনুষ্ঠিত হবে। বর্ণিত কোর্সে সকল মন্ত্রণালয় ও মাঠ পর্যায়ে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের যুগ্মসচিব/উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন। যে সকল কর্মকর্তা অদ্যাবধি উক্ত বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেননি অথচ প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক এমন কর্মকর্তাগণ নিম্নোক্ত ছকে আগামী ০৪ মার্চ, ২০১৮ তারিখের মধ্যে আবেদন করতে পারবেন। আবেদন পত্রের কপি (সংযুক্ত ছক) জনপ্রশাসন মন্ত্রণালয়ে (দৃ: আ: উপসচিব, উন্নয়ন, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা অথবা (ই-মেইল) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এটি একটি আবাসিক প্রশিক্ষণ কোর্স।

০৩। আবেদন পত্র (সংযুক্ত ছক) পাওয়ার পর জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে চূড়ান্ত মনোনয়ন আদেশ জারি করা হবে।

সংযুক্ত ছক: ০১ ফর্দ।

আপনার বিশ্বস্ত,



ফরিদা ইয়াসমিন

উপ সচিব

ফোন: ৯৫৪৬১০৩

ইমেইল: dev@mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.১০৭.১৪.০০৪.১৬.৪/১(৭১)

তারিখ: ৬ ফাল্গুন ১৪২৪  
১৮ ফেব্রুয়ারি ২০১৮


অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)

৩) রেক্টর (সিনিয়র সচিব), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

- ৪) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন
- ৬) সকল অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) জেলা প্রশাসক (সকল)



১৮-১-২০১৮

ফরিদা ইয়াসমিন  
উপ সচিব